ইত্তেফাক

তারিখ ..৩০।১।৮১... ... ...
পৃষ্ঠা... ১ ... ...কলাম..2.. ...

099

## রেলমন্ত্রীর উক্তি সম্পর্কে প্রাথমিক শিক্ষক সমিতি

( ইত্তেফাক রিপোর্ট )

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদ ও সাধারণ সম্পাদক কাজী ফজলুল হক গতকাল ( বৃহস্পতিবার ) এক বিবৃতিতে প্রাথমিক শিক্ষকদের উপর প্রদত্ত রেলমন্ত্রী আবদুল আলীমের বক্তব্যের প্রতিবাদ করিয়া বলেন, ইতিপূর্বে প্রেসিডেণ্ট ও প্রধানমন্ত্রীসহ সরকারের বিভিন্ন দায়িত্বশীলমহল প্রাথমিক শিক্ষা

(৮ম পৃঃ ৩-এর কঃ দ্রঃ )

## রেলমন্ত্রীর উক্তি সম্পর্কে

(১ম পৃঃ পর)

ব্যবস্থা স্থানীয় ও গ্রাম সরকারের অধীনে ন্যস্তের সরকারী সিদ্ধান্তের কথা ঘোষণা করিয়াছেন। ধর্মঘটরত প্রাথমিক শিক্ষকদের বিভ্রান্ত করার উদ্দেশ্যেই রেলমন্ত্রী এ ধরনের উক্তি করিয়াছেন বলিয়া নেতৃদ্বয় মত প্রকাশ করেন।

### শ্রমিক নেতৃবৃন্দের সমর্থন

নয়টি শ্রমিক সংগঠনের নেতাগণ গতকাল এক বিবৃতিতে ধর্মঘটী প্রাথমিক শিক্ষকদের ন্যায়সঙ্গত দাবী মানিয়া নেওয়ার জন্য সংশ্লিষ্ট মহলের প্রতি আহ্বান জানান এবং ঢাকা মহানগরী প্রাথমিক শিক্ষক সংগ্রাম পরিষদ আহুত আগামী ৩১শে জানুয়ারীর প্রতিবাদ সভা ও বিক্ষোভ মিছিলের কর্মসূচীর প্রতি পূর্ণ সমর্থন জ্ঞাপন করেন। বিবৃতিদাতা নেতৃবৃন্দ হইতেছেন: জাতীয় শ্রমিক দলের সাধারণ সম্পাদক জনাব মিশির আহম্মেদ ভূইয়া, জাতীয় শ্রমিক ফেডারেশন সভাপতি জনাব আবুল বাসার, জাতীয় শ্রমিক জোটের সাধারণ সম্পাদক জনাব রুহুল আমিন ভূইয়া, জাতীয় শ্রমিক লীগের সভাপতি জনাব আলিমউদ্দিন, বাংলাদেশ সংযুক্ত শ্রমিক ফেডারেশন সভাপতি জনাব মোখলেসুর রহমান, বাংলাদেশ ট্রেড ইউনিয়ন কেন্দ্র সাধারণ সম্পাদক জনাব সাইফুদ্দীন আহমেদ মানিক, বাংলা শ্রমিক ফেডারেশনের সাধারণ সম্পাদক জনাব মোস্তফা জামাল হায়দার, গণতান্ত্রিক শ্রমিক আন্দোলনের কার্যকরী সভাপতি জনাব নাসিম আলী ও বাংলাদেশ লেবার ফেডারেশনের সহ-সভাপতি জনাব গোলাম রাববানী।